অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/26/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

সম্ভাব্য নভেল করোনারভাইরাস মহামারী পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ দপ্তরের কর্মী নিয়োগ এবং উপকরণের যোগান দেয়ার উদ্দেশ্যে গভর্নর কুউমো 40 মিলিয়ন মার্কিন ডলারের জরুরি তহবিলের ঘোষণা দিলেন

গভর্নর স্টেট জুড়ে স্থানীয় স্বাস্থ্য অধিদপ্তর এবং সরকারি ও বেসরকারি হাসপাতালগুলোতে যথাযথ পরিস্থিতি মোকাবেলা নিশ্চিত করতে স্বাস্থ দপ্তরের কমিশনারকে কর্তৃত্ব প্রদানের জন্য আইন প্রণয়নের প্রস্তাব দেবেন

প্রোটোকল, সেরা কৌশল এবং পদ্ধতি পর্যালোচনা করতে স্বাস্থ দপ্তর স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং স্টেট জুড়ে বিস্তৃত হাসপাতালগুলোর সাথে সম্মেলন আহ্বান করবে

ওয়াডসওয়ার্থ এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক হেলথ ল্যাব কর্তৃক ভাইরাস পরীক্ষার জন্য জরুরি অনুমোদন, যা স্টেটকে প্রক্রিয়াটি ত্বরান্বিত করতে এবং দ্রুত ফলাফল পেতে সক্ষম করবে, সেই উদ্দেশ্যে ফেডারেল সরকারের প্রতি আহ্বান

গণপরিবহন ব্যবস্থা ও বিমানবন্দর চালিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় সরবরাহে শ্রমিকদের যাতে প্রবেশাধিকার থাকে তা নিশ্চিত করতে স্বাস্থ দপ্তর মহানগর পরিবহন কর্তৃপক্ষ বন্দর কর্তৃপক্ষ এবং এর বিমানবন্দর অপারেটর এবং কর্তৃপক্ষের নিজ নিজ কর্মীদলের সাথে কাজ করবে

নিউ ইয়র্ক রাজ্যে এখন অবধি কোনো নিশ্চিত করোনাভাইরাসের দৃষ্টান্ত পাওয়া যায়নি

সম্ভাব্য নভেল করোনারভাইরাস মহামারী পরিস্থিতি মোকাবেলায় নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তরের (Department Of Health, DOH) জন্য অতিরিক্ত কর্মী নিয়োগ এবং উপকরণ ক্রয় এবং অন্যান্য যেকোনো প্রকার সংস্থানের জন্য গভর্নর কুউমো আজ 40 মিলিয়ন মার্কিন ডলারের তহবিলের ঘোষণা দিয়েছেন। স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং সরকারী ও বেসরকারি স্টেট ব্যাপী হাসপাতালগুলো কর্তৃক নভেল করোনাভাইরাস প্রাদুর্ভাবের পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ এবং ব্যবস্থা গ্রহণ করছে তা নিশ্চিত করতে গভর্নর স্বাস্থ দপ্তরের কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকারের নিকট কর্তৃত্ব প্রদানের জন্য আইন প্রস্তাবও করবেন। নভেল করোনাভাইরাস ছড়িয়ে পড়ার বিরুদ্ধে লড়াই করতে তারা প্রস্তুত তার নিশ্চয়তায় সহায়তার উদ্দেশ্যে প্রোটোকল, সেরা কৌশল এবং পদ্ধতি পর্যালোচনা করতে স্বাস্থ দপ্তর স্থানীয় স্বাস্থ্য বিভাগ এবং স্টেট জুড়ে বিস্তৃত হাসপাতালগুলোকে আহ্বান করবে।

গভর্নর ফেডারেল সরকারকেও ওয়াডসওয়ার্থ সেন্টার (Wadsworth Center) এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক হেলথ ল্যাবকে (NYC Public Health Lab)-এর নিকট ভাইরাসের পরীক্ষা করার অনুমতি দেওয়ার জন্য আহ্বান জানাচ্ছেন, যাতে পরীক্ষার সামর্থ্য সম্প্রসারিত এবং পরীক্ষার ফলাফল প্রক্রিয়া ত্বরান্বিত করা যায়। নিউ ইয়র্ক স্টেট রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (Centers for Disease Control and Prevention, CDC) প্রোটোকল ব্যবহার করে স্বতন্ত্রভাবে একটি পরীক্ষা দাঁড় করানো ও যাচাইয়ের কাজ করেছে। খাদ্য এবং ঔষধ প্রশাসন (Food and Drug Administration, FDA)-এর অনুমোদনের পর, ওয়াডসওয়ার্থ প্রয়োজন সাপেক্ষে নিউ ইয়র্ক স্টেট এবং উত্তর-পূর্ব অঞ্চলের অন্যান্য স্টেটগুলোকে সহায়তার উদ্দেশ্যে অবিলম্বে পরীক্ষা শুরু করতে পারে।

উপরন্তু, পরিচ্ছন্নতা এবং প্রতিরক্ষামূলক সরঞ্জাম সহ গণপরিবহন ব্যবস্থা ও বিমানবন্দর চালিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় সরবরাহে শ্রমিকদের যাতে প্রবেশাধিকার থাকে তা নিশ্চিত করতে স্বাস্থ দপ্তর মহানগর পরিবহন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) বন্দর কর্তৃপক্ষ (Port Authority) এবং এর বিমানবন্দর অপারেটর এবং কর্তৃপক্ষের নিজ নিজ কর্মীদলের সাথে কাজ করবে। সম্ভাব্য নভেল করোনাভাইরাস মহামারী পরিস্থিতি মোকাবেলায় তারা প্রস্তুত রয়েছে তার নিশ্চয়তায় সহায়তা উদ্দেশ্যে স্টেট সকল স্টেট সংস্থাগুলোর সাথে সমন্বয় করছে।

"নভেল করোনাভাইরাসটি বিশ্বের নতুন দেশে ছড়িয়ে পড়ার এমন পরিস্থিতিতে, নিউ ইয়র্কবাসীকে এই বিপজ্জনক ভাইরাস থেকে রক্ষা করার জন্য নিউইয়র্কে আমরা প্রয়োজনীয় সকল সতর্কতা অবলম্বন করছি," **গভর্নর কুওমো বলেন।** "নিউ ইয়র্কে নভেল করোনাভাইরাসের কোনও নিশ্চিত ঘটনা এখনও পর্যন্ত পাওয়া না গেলেও, 40 মিলিয়ন মার্কিন ডলারের জরুরি তহবিল সহ এই সকল আগ্রাসী পদক্ষেপগুলো যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় কর্মী, সরবরাহ এবং সরঞ্জামাদি আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার রয়েছে তা নিশ্চিত করতে সহায়তা করবে।"

আজ অবধি, 27 জন নিউ ইয়র্কবাসীর নমুনা রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে, 26টির ফলাফল নেগেটিভ আর একটির ফলাফল এখনও অমীমাংসিত। নিউ ইয়র্ক রাজ্যে এখনো কোনও নিশ্চিত নভেল করোনাভাইরাসের ঘটনা নেই।

বর্তমানে নভেল করোনাভাইরাসের জন্য কোন টিকা না থাকলেও, প্রাত্যিহিক রক্ষণাত্মক পদক্ষেপগুলি এটি এবং অন্যান্য শ্বসন সংক্রান্ত ভাইরাস ছড়িয়ে পড়া বন্ধ করতে পারে:

- অন্তত 20 সেকেন্ডের জন্য সাবান এবং জল দিয়ে প্রায়ই হাত ধোবেন। যদি সাবান এবং জল না পাওয়া যায়, তাহলে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।
- আপনার চোখ, নাক, মুখ না-ধোয়া হাত দিয়ে ছোঁবেন না।
- অসুস্থ ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।
- অসুস্থ হলে বাড়িতে থাকুন।
- আপনার কাশি বা হাঁচি টিস্যু দিয়ে ঢাকুন, তারপর টিস্যুটি আবর্জনায় ফেলে দিন।

- প্রায়শই স্পর্শ করা হয় এমন বস্তু এবং পৃষ্ঠতল পরিষ্কার এবং জীবাণুমুক্ত রাখুন।
- যে সকল ব্যক্তি উপসর্গ অনুভব করছেন এবং হয়তো উদ্বেগের এলাকায় ভ্রমণ করেছেন, অথবা কারো সংস্পর্শে এসেছেন যিনি এই এলাকায় ভ্রমণ করেছেন, তাদের উচিৎ তাদের স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীকে আগে কল করা তাদের কাছে চিকিৎসার জন্য উপস্থিত হওয়ার আগে।

নিউ ইয়র্কবাসীরা 1-888-364-3065-এ রাজ্য হটলাইনে কল করতে পারেন, যেখানে স্বাস্থ্য দপ্তরের বিশেষজ্ঞরা নভেল করোনাভাইরাস সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে পারেন। এছাড়াও, ডিপার্টমেন্টের একটি উৎসর্গীকৃত ওয়েবসাইট রয়েছে যেটি নিউ ইয়র্কবাসী দের জন্য আপডেট তথ্য থাকা একটি সংস্থান হিসাবে তৈরি করা হয়েছিল। বিভাগটি করোনাভাইরাস বিষয়ক দুটি জনসেবা ঘোষণা (PSAs) চালু করেছে, একটিতে রয়েছে স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ হাওয়ার্ড জুকার এবং আরেকটিতে রয়েছে সাধারণ তথ্য, যা একাধিক ভাষায় স্টেট জুড়ে চলছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন